

বিশেষ অনুশীলন-১ (২০২০)

বিষয় কোডঃ ১৩৪

শ্রেণিঃ নবম

বিষয়ঃ কৃষি শিক্ষা

মোট সময়ঃ ৭৫ মিনিট

পূর্ণমানঃ ৫০

সময়ঃ ৩০ মিনিট

বহুনির্বাচনী অভিক্ষা

পূর্ণমানঃ ৩০

- ১। যে প্রক্রিয়ায় কৃষিকাজ করা হয় তাকে কী বলে?
(ক) কৃষি প্রযুক্তি (খ) কৃষি যান্ত্রিকীকরণ
(গ) জমি প্রযুক্তি (ঘ) কৃষি আবহাওয়া
- ২। মাটির প্রকৃতি অনুযায়ী বাংলাদেশকে কয়টি কৃষি পরিবেশ অঞ্চলে ভাগ করা হয়েছে?
(ক) ১৫ (খ) ২০ (গ) ২৫ (ঘ) ৩০
- ৩। কৃষি কর্মকাণ্ডের জন্য সবচেয়ে বড় কাজ কোনটি?
(ক) জৈব পদার্থ নির্বাচন (খ) খনিজ পদার্থ নির্বাচন
(গ) ফসল নির্বাচন (ঘ) পলি মাটি নির্বাচন
- ৪। গোল আলুর মাটিতে প্রচুর পরিমাণে কোনটি থাকা দরকার?
(ক) পানি (খ) চুন
(গ) জৈবপদার্থ (ঘ) ক্ষার
- ৫। গম চাষ হয় না—
i. হাওর অঞ্চলে ii. বাঁওড় অঞ্চলে
iii. বিল অঞ্চলে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
- ৬। কোনটির জন্য জমি গভীরভাবে চাষ করতে হয়?
(ক) মরচ (খ) তামাক
(গ) আলু (ঘ) মুলা
- ৭। মাটির পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি করা যায় কীসের মাধ্যমে?
(ক) সার প্রয়োগ (খ) কর্ষণ
(গ) নালা তৈরি (ঘ) বেড তৈরি
- ৮। মাটিকে সুস্থ রাখতে সাহায্য করে এমন জীবানু হলো—
i. ছত্রাক ii. ব্যকটেরিয়া iii. পরজীবী
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
- ৯। জমি চাষ কীভাবে করতে হবে তা নির্ভর করে—
i. ফসলের প্রকারের ওপর ii. মাটির প্রকারের ওপর
iii. সার প্রয়োগের ওপর
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
- ১০। কোনো কারণে জমির মাটির উপরিভাগ হতে মাটির কণা চলে যাওয়াকে কী বলে?
(ক) নদী ভাঙ্গন (খ) ভূমিক্ষয়
(গ) ঘূর্ণিবার্তা (ঘ) উর্বরমাটি
- ১১। ভূমিক্ষয় কিসের ওপর নির্ভর করে?
(ক) বন্যা (খ) খরা
(গ) মাটির কাঠামো (ঘ) জীবজন্তু
- ১২। পাহাড়ি এলাকায় মাটি আলগা হয়ে যায় কেন?
(ক) জুম চাষের ফলে
(খ) অধিক বৃষ্টিপাতের কারণে
(গ) ভূমিক্ষয়ের কারণে
(ঘ) মাটিতে কীটপতঙ্গের পরিমাণ বেশি হলে
- ১৩। প্রতি বছর শত শত হেক্টর জমি নদী গর্ভে বিলীন হয়ে যায় কেন?
(ক) সিডরের কারণে (খ) খরার কারণে
(গ) নদী ভাঙনের কারণে (ঘ) শিলাবৃষ্টির কারণে
- ১৪। ইঁদুর, পাখি, আর্দ্রতা ইত্যাদি কারণে কত ভাগ ফসল নষ্ট হয়?
(ক) ৫ (খ) ১০ (গ) ২০ (ঘ) ৫০
- নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :
দীপক চাকমা জুম চাষ করে জীবিকা নির্বাহ করে। সে আজ এক পাহাড়ে জুমচাষ করে তো কয়েক বছর পর অন্য পাহাড়ে জুমচাষ করে।
- ১৫। দীপকের চাষের স্থানটি কয়েক বছরে কী হয়?
(ক) উর্বর (খ) অনুর্বর
(গ) গর্ত (ঘ) ঢাল
- ১৬। দীপক চাকমা চাষ করতে পারবে —
i. বান্দরবানে ii. খাগড়াছড়িতে
iii. রাঙামাটিতে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
- ১৭। ধানের গোলায় আয়তন কিসের ওপর নির্ভর করে নির্মাণ করা হয়?
(ক) বীজের পরিমানের ওপর (খ) বাঁশের ওপর
(গ) কাঠের পরিমানের ওপর (ঘ) মাচার ওপর

১৮। দানাজাতীয় শস্য সংরক্ষণের জন্য কী ব্যবহার করা হয়?

- (ক) বেড় (খ) মাটির পাত্র
(গ) কাচের পাত্র (ঘ) বাঁশের পাত্র

১৯। খাদ্যে ছত্রাক ও পোকামাকড় জন্মাতে সহায়তা করে নিচের কোনটি?

- (ক) নাইট্রোজেন (খ) অক্সিজেন
(গ) হাইড্রোজেন (ঘ) কার্বনডাইঅক্সাইড

২০। সূর্যালোকে খোলা অবস্থায় খাদ্য রাখলে কোন রশ্মির প্রভাবে ভিটামিন নষ্ট হয়?

- (ক) অবলোহিত রশ্মি
(খ) আলফা রশ্মি
(গ) অতিবেগুনি রশ্মি
(ঘ) গামা রশ্মি

২১। সাইলোপিটে ঘাস রাখার সময় কিসের দ্রবণ ছিটিয়ে দিতে হয়?

- (ক) টিএসপি (খ) ইউরিয়া
(গ) পানি (ঘ) বোলাগুড়

২২। খৈল কী জাতীয় খাদ্য?

- (ক) দানাদার (খ) আশযুক্ত
(গ) খনিজ (ঘ) আশবিহীন

২৩। সরপুঁটি মাছের প্রিয় খাবার কোনটি?

- (ক) ক্ষুদিপানা (খ) কুঁড়া
(গ) ফাইটোপ্লাঙ্কটন (ঘ) প্রাণিকনা

২৪। FCR এর পূর্ণরূপ কোনটি?

- (ক) Food Conversion Ratio
(খ) Fruit Conversion Ratio
(গ) Food Concept Ratio
(ঘ) Food Concord Ratio

২৫। কখন মাছের খাবার স্বাভাবিকের চেয়ে অর্ধেক বা তিনভাগের একভাগ কমিয়ে আনতে হয়?

- (ক) বর্ষাকালে (খ) শীতকালে
(গ) হেমন্তকালে (ঘ) গরমকালে

২৬। অ্যালজি কোন দেশের মত উষ্ণ জলবায়ুতে বর্ধনশীল

- (ক) বাংলাদেশের (খ) ভারতের
(গ) চীনের (ঘ) জাপানের

২৭। বিনা চাষে কোন ফসল চাষ করা যায়?

- (ক) সরিষা (খ) গম
(গ) ডাল (ঘ) ধান

২৮। মাটিতে জৈব পদার্থ কম হলে কী ব্যবহার করতে হয়?

- (ক) রাসায়নিক সার (খ) কম্পোষ্ট সার
(গ) সবুজ সার (ঘ) চুন

২৯। প্রবাদ আছে উর্বর মাটির ক্ষয় মানে কী ক্ষয়?

- (ক) সভ্যতার ক্ষয় (খ) ফসলের ক্ষয়
(গ) অর্থের ক্ষয় (ঘ) কৃষকের ক্ষয়

৩০। সবুজ সার জাতীয় বীজ কোনটি?

- (ক) এলাচ (খ) মোথা
(গ) ধইঞ্চা (ঘ) নারিকেল

সৃজনশীল প্রশ্ন

সময়ঃ ৪৫ মিনিট

পূর্ণমানঃ ২০

১। কাশেম মিয়া তার উঁচু জমিতে ধান চাষ করে আর্থিকভাবে ক্ষতির সম্মুখীন হন। স্থানীয় কৃষি কর্মকর্তা জমির মাটি পরীক্ষা করে বললেন, এ মাটি ধান চাষের উপযোগী নয়। তিনি এ মাটিতে গম চাষের পরামর্শ দিলেন।

- ক) বীজ শুকানো অর্থ কী? ১
খ) দোঁয়াশ মাটিতে সব ধরনের ফসল ভালো হয় কেন? ২
গ) কাশেম মিয়া জমিতে ধান চাষ করতে পারবেন না কেন তা ব্যাখ্যা কর। ৩
ঘ) কৃষি কর্মকর্তার পরামর্শটি যথাযথ মূল্যায়ন কর। ৪

২। ফুয়াদ নদীপাড়ের বাসিন্দা। প্রতি বছর নদীভাঙন যেমন লেগে আছে তেমনি ভূমিক্ষয়ের কারণে ফসল উৎপাদনে বেগ পেতে হচ্ছে। তাই স্বল্পমেয়াদী ফসল উৎপাদনে তার নজর বেশি।

- ক) ভূমিক্ষয় কাকে বলে? ১
খ) বীজের আর্দ্রতা পরীক্ষা বলতে কী বোঝ - তা ব্যাখ্যা কর। ২
গ) ফুয়াদ নদীপাড়ে কী চাষ করলে লাভবান হবে- বর্ণনা কর। ৩
ঘ) ফুয়াদ ভূমিক্ষয় রোধে কী কী পদক্ষেপ গ্রহণ করবে- বিশ্লেষণ কর। ৪